# উপ-প্রকল্পে কমিউনিটি এ্যাসিসটেন্ট (সি.এ.) নিয়োগ নীতিমালা

১। নিয়োগ প্রক্রিয়াঃ

জেলা পর্যায়ে আন্তঃসংস্থা প্রকল্প মূল্যায়ন (DLIAPEC) কমিটিতে উপ-প্রকল্প প্রস্তাব পাশ হবার পর নির্ধারিত প্রক্রিয়া অনুসরন করে জেলার নির্বাহী প্রকৌশলী এলজিইডি পাবসস গঠন প্রক্রিয়া শুরু করবেন। পাবসসের সাংগঠনিক কমিটি (Organizing Committee)/প্রথম ব্যবস্থাপনা কমিটি (First Management Committee) গঠিত হবার পর এই কমিটি সি.এ. নিয়োগের বিজ্ঞপ্তি উপ-প্রকল্প এলাকায় বিভিন্ন স্থানে (যেমনঃ মস্‌জিদ, মন্দির, প্রাইমারী স্কুল, বাজার ইত্যাদি স্থানে) টাঙ্গিয়ে দেবে। যোগ্য প্রার্থীদের মধ্যে হতে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে সি.এ. পদে প্রার্থীতা বাছাই করা হবে।

২। যোগ্যতাঃ

সি.এ. হিসাবে নিয়োগের জন্য একজন প্রার্থীর নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবেঃ

ক) উপ-প্রকল্প/পাবসস এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

খ) বয়স ২৫-৪০ এর মধ্যে হতে হবে।

গ) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক পাশ হতে হবে, তবে স্নাতক ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) সমবায় সমিতি সম্পর্কিত কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৩। বাছাই কমিটিঃ

লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে সি.এ. পদে প্রার্থীতা চূড়ান্ত বাছাইয়ের জন্য উপজেলা পর্যায়ে নিম্নবর্ণিত ব্যাক্তিবর্গকে নিয়ে একটি বাছাই কমিটি গঠন করা হবেঃ-

| | | |
|---|---|---|
| ক) | উপজেলা প্রকৌশলী- | আহবায়ক |
| খ) | আহবায়ক, সাংগঠনিক কমিটি/প্রথম ব্যবস্থাপনা কমিটি- | সদস্য |
| গ) | উপজেলা সমবায় কর্মকর্তা- | সদস্য |
| ঘ) | ইউনিয়ন পরিষদ সদস্য (সংশ্লিষ্ট এলাকা)- | সদস্য |
| ঙ) | মহিলা সদস্য, সাংগঠনিক কমিটি/প্রথম ব্যবস্থাপনা কমিটি- | সদস্য |
| চ) | প্রকল্পের সোসিও-ইকোনমিষ্ট- | সদস্য সচিব |

বিঃ দ্রঃ বাছাই কমিটির কোন সদস্যের আত্নীয় প্রার্থী হতে পারবে না।

৪। প্রার্থী বাছাই প্রক্রিয়াঃ

সি.এ প্রার্থী বাছাইয়েরে জন্য নিম্নলিখিত প্রক্রিয়া অনুসরন করা হবেঃ-

ক) বাছাই কমিটির আহবায়ক স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে দরখাস্ত আহবান করবেন।

খ) নিয়োগ সম্পর্কিত প্রচারের দায়িত্ব পাবসস পালন করবে।

গ) বিজ্ঞপ্তির কপি পাবসস অফিস, ইউনিয়ন পরিষদ অফিস, উপ-প্রকল্পে অবস্থিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক প্রতিষ্ঠানে টাঙ্গানো হবে।

ঘ) বাছাই কমিটি যোগ্য প্রর্থীদের মধ্য হতে গুনগত মানের ভিত্তিতে স্বচ্ছভাবে বাছাই কাজ সম্পন্ন করবে।

ঙ) যেকোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৫। নিয়োগের শর্তাবলীঃ

চুড়ান্ত বাছাই এর পর পাবসস কর্তৃক সি.এ. নিয়োগদানের ব্যাপারে নিম্ন লিখিত শর্তাবলী বিবেচনা করতে হবে:

ক) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী এলজিইডির অনুমোদন সাপেক্ষে পাবসস আহবায়কের স্বাক্ষরে লিখিত নিয়োগ পত্রের মাধ্যমে প্রার্থীকে নিয়োগ দান করতে হবে।

খ) পিতা/ভাই/স্বামী (মেয়েদের ক্ষেত্রে) কর্তৃক ব্যক্তিগত নিশ্চয়তা পত্র প্রদান করতে হবে।

গ) দূর্নীতি , কর্তব্য সম্পাদনে অবহেলা , অনিয়ম , অদক্ষতা ইত্যাদি আচরনের জন্য এক মাসের নোটিশে সি.এ. পদে নিয়োগপ্রাপ্তকে চাকুরীচ্যুত করা যাবে।

ঘ) সি.এ. এর দায়িত্ব তালিকা নিয়োগ পত্রের সাথে সরবরাহ করতে হবে যা নিয়োগ পত্রের অংশ হিসাবে বিবেচিত হবে।

৬। দায়িত্ব তালিকাঃ

সি.এ. পাবসস এর নিজস্ব কর্মচারী হিসাবে গন্য হবে। তাঁর কর্মক্ষেত্র হবে উপ-প্রকল্পের এলাকা। তিনি পাবসস-এর ব্যবস্থাপনা কমিটির নিয়ন্ত্রণে ও তত্ত্বাবধানে নিম্নলিখিত দায়িত্বসমূহ পালন করবেন। এছাড়া প্রকল্প/এলজিইডি কর্মকর্তাগণও তার কর্মসম্পাদন পরিবীক্ষণ করবেন ও প্রয়োজনমত নির্দেশনা দেবেনঃ

ক) উপ-প্রকল্প সর্ম্পকে এলাকায় প্রচারের ব্যাপারে প্রকল্প ও এলজিইডি কর্মকর্তাদের সকল প্রকারের সহায়তা দান।

খ) নির্ভুল খানা তালিকা প্রণয়ন, সুফলভোগী ও ক্ষতিগ্রস্থদের তালিকা ইত্যাদি প্রণয়ন ও গ্রাম বা পাড়াভিত্তিক প্রণোদনা সভা আয়োজনে সহায়তা করা।

গ) সুফলভোগীদের কাছ থেকে প্রকল্পের নিয়ম অনুযায়ী পরিচালনা ও রক্ষণাবেক্ষণ তহবিল বাবদ টাকা আদায় করা এবং সংগৃহিত অর্থ ব্যাংক হিসাবে জমা করার ব্যাপারে পাবসসকে সহায়তা করা।

ঘ) বাস্তবায়নে চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে নির্ধারিত শর্ত পূরণে পাবসসকে সর্বোতোভাবে সহায়তা করা।

ঙ) উপ-প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে এলসিএস গঠনে পাবসস ও এলজিইডিকে সহা য়তা করা।

চ) বাস্তবায়ন ও হস্তান্তর চুক্তি স্বাক্ষরের আনুষ্ঠানিকতা সম্পাদনে সহায়তা প্রদান করা।

ছ) পাবসস এর অফিস পরিচালনা ও হিসাবরক্ষণের যাবতীয় কাজ সুষ্ঠভাবে সম্পাদনে সহায়তা করা।

জ) সমিতির সদস্য, শেয়ার ও সঞ্চয় সংগ্রহে সদস্যদেরকে উদ্বুদ্ধ করা।

ঝ) নিয়মিতভাবে সাপ্তাহিক সাধারণ সভা ও ম্যানেজিং কমিটির মাসিক সভা নিয়মিতভাবে আয়োজনে নিশ্চিত করা।

ঞ) পাবসস-এর মাসিক সভায় ও বার্ষিক সাধারণ/বিশেষ সভায় সাচিবিক সহায়তা প্রদান করা।

ট) পাবসস এর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য প্রকল্পকে সহায়তা করা।

ঠ) পাবসস এর মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে নিয়মিতভাবে দাখিল করা।

৭। সম্মানী/বেতনঃ

ক) একজন সি.এ'র সাকুল্য মাসিক সম্মানী/বেতন ৩,৫০০.০০ (তিন হাজার পাঁচশত) টাকা মাত্র।

খ) নিয়োগের পর থেকে তিন বছর সম্মানীর সম্পূর্ণ অংশ প্রকল্প থেকে দেয়া হবে।

গ) তিন বছরের পর সি.এ'র নিয়োগ অব্যাহত রাখার জন্য পাবসস-কে অঙ্গীকার পত্র পদান করতে হবে।

ঘ) চতুর্থ বছর থেকে প্রকল্প থেকে সম্মানী বাবদ আর কোন অর্থ প্রদান করা হবে না । এর পর থেকে সি.এর সম্মানী পাবসস'র নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।

ঙ) পাবসস এর সুপারিশক্রমে উপজেলা প্রকৌশলী'র চাহিদা পত্রের ভিত্তিতে এবং প্রাসঙ্গিক সকল কাগজপত্র জমা দেয়া সাপেক্ষে নির্বাহী প্রকৌশলী'র কার্যালয় থেকে সি.এ'র সম্মানী বাবদ অর্থ নির্ধারিত হারে উপজেলা প্রকৌশলী বরাবরে নির্ধারিত ব্যাংক একাউন্টে ট্রান্সফার প্রক্রিয়ায় জমা হবে এবং উপজেলা প্রকৌশলী নিয়মিতভাবে সি.এ'র মাসিক সম্মানী/বেতন পরিশোধ করবেন।